# সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাইম ব্যাংক পিএলসি. সিম্পলট্রি আনারকলি, প্রধান কার্যালয়, হোল্ডিং নং-৮৯, প্লট-৩, ব্লক-সিএনএস(এ), গুলশান এভিনিউ, ওয়ার্ড নং-১৯, ঢাকা- উত্তর সিটি কর্পোরেশন, থানা-গুলশান, জেলা-ঢাকা এর একটি শাখা গুলশান, ঢাকা এর মালিকানাধীন নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র আগামী **১০/০৯/২০২৫** তারিখ ৩.০০ ঘটিকার মধ্যে প্রাইম ব্যাংক পিএলসি. এর আইন বিভাগ, **"প্রাইম টাওয়ার"**, প্লট নং ৩৫ ও ০৮, নিকুঞ্জ বা/এ (৫ম-তলা), ঢাকা-১২২৯ এ ঠিকানায় রক্ষিত বাক্সে জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৩.৩০ ঘটিকার সময় আগ্রহী ক্রেতা/ক্রেতাগণের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। **(উল্লেখ থাকে যে, উক্ত ধার্য্য তারিখে যদি কোন কারনে সরকারী ছুটি ঘোষনা করা হয় তাহলে পরবর্তী কার্য দিবসে উক্ত দরপত্র বাক্স খোলা হবে);**

**শর্তাবলী:**

১. আগ্রহী ক্রেতাগণকে খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তির মৌজার নাম ও জমির পরিমাণ ক্রয় করিতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত মূল্যের ন্যুনতম ১০% টাকা প্রাইম ব্যাংক পিএলসি. প্রধান কার্যালয়, ঢাকা এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে জমা প্রদান করতে হবে। বাকি টাকা ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উল্লেখ থাকে যে, সর্বোচ্চ দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সমস্ত টাকা পরিশোধ করার পর ব্যাংক উক্ত নিলামকৃত সম্পত্তি সর্বোচ্চ দরদাতার অনুকূলে সাব-রেজিষ্ট্রি অফিসের মাধ্যমে রেজিষ্ট্রি করিয়া দিবে।

২. যে সকল দরপত্র গৃহীত হবে না সে সকল দরপত্রের বিপরীতে জমাকৃত জামানত স্ব স্ব ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে ফেরত প্রদান করা হবে।

৩. তফসিলী সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় "মূল্য সংযোজন কর" দরপত্রদাতাকে বহন করতে হবে।

৪. কম জামানত প্রদানকারী কিংবা ক্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫. সফল দরদাতাকে বা তার/তাদের মনোনীত ব্যক্তি/প্রতিষ্ঠানকে সম্পত্তি হস্তান্তর সংক্রান্ত যাবতীয় ষ্ট্যাম্প ডিউটি, গেইন ট্যাক্স, জেলা পরিষদ/লোকাল গভঃ ফিস, A.I.T, V.A.T, হস্তান্তর ফি এবং অন্যান্য খরচ সহ বিদ্যুৎ, গ্যাস, পানির বকেয়া বিল সহ বিবিধ ট্যাক্স (যদি থাকে) ও দলিল রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করতে হবে অর্থাৎ নিলামকৃত সম্পত্তির সব ধরনের ট্যাক্স, খাজনা (বকেয়া সহ যদি থাকে) সহ অন্যান্য সমুদয় খরচ এবং দলিল রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ সফল নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

৬. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ, বাতিল বা সকল দরপত্র বাতিল করার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**বিক্রয়তব্য সম্পত্তির তফসিল পরিচয়:**

**"ক" তফসিল**

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- সাবেক তেজগাঁও, অতঃপর গুলশান, হালে বাড্ডা অধীন ঢাকা কালেক্টরীর তৌজি, মৌজা- "বাড্ডা", জে.এল. নংঃ- সি.এস. ও এস.এ.- ২৯১, আর.এস.- ৩৮, সিটি জরীপ- ২২, খতিয়ান নংঃ- সি.এস.- ৬৯০, এস.এ.- ৬৯৫, আর.এস.- ১৪১১, নামজারী খতিয়ান নং- ৮৮৪৩, জোত নং- ২/৩১, দাগ নংঃ- সি.এস ও এস.এ.-১৩৯৯, আর.এস.-৭৯১৮, সিটিজরীপ- ১৬৩০৫ এর অন্তর্গত ১৭০০ অযুতাংশের কাতে ০৩৩২ অযুতাংশ বা ৩.৩২ শতাংশ ভূমি এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য সকল স্থাপনা।

**"খ" তফসিল**

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিষ্ট্রি অফিস- সাবেক তেজগাঁও, অতঃপর- গুলশান, হালে বাড্ডা, ঢাকা কালেক্টরীর তৌজিভূক্ত, জে.এল নং- সি.এস ও এস.এ- ২৯১, আর.এস- ৩৮, সিটি জরিপ- ২২, মৌজা- বাড্ডা, খতিয়ান নং- সি.এস- ৬৯০, এস.এ.- ৬৯৫, আর.এস- ১৪১১, নামজারী খতিয়ান নং- ৯০৪২, জোত নং- ১৫/৩২, দাগ নং- সি.এস ও এস.এ- ১৩৯৯, আর.এস- ৭৯১৮, জমির পরিমান- ১০৩৪ অযুতাংশ বা ১০.৩৪ শতাংশ এবং উহার উপর নির্মিত ও নির্মিতব্য সকল স্থাপনা।

**"গ" তফসিল**

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস বাড্ডা অধীন ঢাকা কালেক্টরীর তৌজি, মৌজা- "বাড্ডা", খতিয়ান নং- সি.এস- ৬৯০ এবং ৯৭৫, এস.এ.- ৬৯৫ এবং ১০১১, আর.এস.- ১৪১১ এবং ২৬৮, প্লট নং- সি.এস এবং এস.এ.-১৩৯৯ এবং ১৪০১, আর.এস.-৭৯১৮ এবং ৭৯৪০ দাগের অন্তর্গত জমির পরিমান ৩৬৫ অযুতাংশ বা ৩.৬৫ শতাংশ উপরোক্ত ভূমি সহ উহার উপর নির্মিত ও নির্মিতব্য সকল স্থাপনা। উত্তরে তুবা টেক্সটাইল মিলস লিমিটেড, দক্ষিনে পনের ফিট রাস্তা পূর্বে সি.এস এবং এস.এ. ১৪০০ দাগের জমি।

**আইন বিভাগ, প্রাইম টাওয়ার (৫ম তলা)**
প্লট নং-৩৫ এবং ৮ নিকুঞ্জ, সি/এ, এয়ারপোর্ট রোড, খিলক্ষেত, ঢাকা।
ফোনঃ +৮৮০৯৬১০৯৯০০০০ (এক্সটেনশন-১০৪০৩)

প্রাইম ব্যাংক

Size: 3 col. x 7.5 inch